দৈনিক সংবাদ

তারিখ ... 0.9.SEP-1992 ..
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

24

# শিক্ষাঙ্গন পরিস্থিতি নিয়ে মন্ত্রীদের সাথে প্রধানমন্ত্রীর পরামর্শ

।। নিজস্ব বার্তা পরিবেশক ।। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল মঙ্গলবারও গভীর রাত পর্যন্ত শিক্ষাঙ্গন পরিস্থিতিসহ দেশের বিভিন্ন বিষয় নিয়ে কয়েকজন মন্ত্রীর সাথে বৈঠক করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের সশস্ত্র সংঘাতে দু'জন ছাত্র নিহত হওয়ার ঘটনার পরিপ্রেক্ষিতে সভায় এই অভিমত ব্যক্ত করা হয় যে, সন্ত্রাসের সাথে জড়িত নেতা বা কর্মীদের আগে গ্রেফতার করা উচিত। সভায় আশংকা প্রকাশ করা হয় যে, ওইসব অস্ত্রধারীকে ছাত্রদল থেকে বহিষ্কার না করলে সংগঠন মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে।

সভায় আরো মত ব্যক্ত করা হয় যে, সন্ত্রাসীদের দল থেকে বহিষ্কারের পর শিগগিরই ছাত্রদলের একটি কেন্দ্রীয় কমিটি গঠন জরুরী। কমিটিতে শুধু নবীন নেতৃত্ব আনলে তাও সংগঠনের জন্য তেমন সুফল হবে না বলে মন্ত্রীরা সভায় মত প্রকাশ করেন। এদিকে গতকালও সাদা পোশাকধারী পুলিশ সন্ত্রাসের সঙ্গে যুক্ত ছাত্রদলের কয়েকজন নেতার বাড়িতে হানা দেয়।